

**বিএম কলেজ ছাত্রাবাসে
অগ্নিসংযোগ
ভাংচুর**

বরিশাল অফিস ॥ সরকারী বিএম, কলেজের ছাত্র সংসদের ভিপি ও ছাত্রদল নেতা মাহাবুবুল হক নান্নুর ছাত্রাবাসের কক্ষে (নম্বর ৩১৯) গত শনিবার রাতে অগ্নিসংযোগ করা হয়। ঐ রুমের সকল মালামাল ভস্মীভূত হইয়াছে। দমকল বাহিনী আধঘন্টা চেপ্টা চালাইয়া আগুন আয়ত্তে আনে। একই সময় ঐ একই ছাত্রাবাসের ছাত্রদলের কর্মীদের অপর ৩টি কক্ষে (১০৮, ৩০৭, ৩০৮) হামলা চালাইয়া ব্যাপক ভাংচুর করা হইয়াছে। ছাত্রদল অগ্নি-সংযোগ ও হামলার জন্য ছাত্রলীগকে (শা-পা) দায়ী করিয়াছে। হামলার খবর ছড়াইয়া পড়িলে ছাত্রদলের কর্মীরা রাতেই ক্যাম্পাসে মিছিল বাহির করে। তাহারা হিন্দ ছাত্রাবাসের দিকে আগাইতে থাকিলে পুলিশ বাধা দেয়। ঐ রাত ও গতকাল (রবিবার) কয়েকটি বিচ্ছিন্ন ঘটনায় ছাত্রদলের কর্মীদের হাতে ছাত্রলীগের কয়েকজন কর্মী প্রহৃত হয়। গতকাল কলেজে ছাত্রদল বেশ কয়েকবার বিক্ষোভ মিছিল বাহির করে। ক্যাম্পাসে পুলিশ ছিল অসংখ্য। (৭ম পৃ: ৮-এর ক: ড:)

বিএম কলেজ

(শেষ পৃ: পর)

ছাত্রদল ভি, পি, র, কক্ষে অগ্নি-সংযোগের ঘটনার প্রতিবাদে আজ (সোমবার) কলেজে ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছে। ছাত্রলীগও তাহাদের কর্মীদের উপর হামলার প্রতিবাদে একই দিন ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছে।

এদিকে গতকাল সন্ধ্যার পর ছাত্রদল মিছিল করিয়া ছাত্রলীগের কার্যালয়ের দিকে আগাইতে চেপ্টা পুলিশ পথে বাধা দেয়। পরে তাহারা অন্য পথে মিছিল করে। ভি, পি নান্নু তাহার কক্ষে অগ্নি সংযোগের জন্য ছাত্রলীগ জেলা শাখার সভাপতি মেজবাহ উদ্দিন জুয়েলসহ ৬ জনের বিরুদ্ধে ধানায় মামলা করিয়াছে। ছাত্রলীগ নেতা বলরাম ভি, পি নান্নুর বিরুদ্ধে ধানায় জি, ডি করিয়াছে। শহরের গুরুত্বপূর্ণ স্থানে পুলিশ মোতায়েন রহিয়াছে।